

# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 15 May, 2025

ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ্ নেসেটের (ইসরাইলি পার্লামেন্ট) পররাষ্ট্র ও প্রতিরক্ষা কমিটির এক বৈঠকে বলেছেন, ‘আমরা গাজায় আরও বেশি বাড়িঘর ধ্বংস করছি যাতে ফিলিস্তিনিরা ফিরে যাওয়ার মতো কিছু না পায়।

বুধবার (১৪ মে) এক প্রতিবেদনে এ খবর দিয়েছে মিডল ইস্ট আই।

রোববার অনুষ্ঠিত ওই বৈঠকের কথোপকথনের কিছু অংশ ইসরাইলি সংবাদমাধ্যমে ফাঁস হয়েছে। নেতানিয়াহ্ আরও বলেন, ‘এর একমাত্র পরিষ্কার ফলাফল হবে—গাজাবাসীদের গাজা উপত্যকা ছেড়ে অন্যত্র চলে যাওয়া। আমাদের মূল সমস্যা হলো—তাদের গ্রহণ করতে রাজি এমন দেশ খুঁজে বের করা।

তিনি আরও বলেন, ‘আমি জানি এখানে কিছু মানুষকে হতাশ করব, তবে এখনই গাজা উপত্যকায় ইসরাইলি বসতি স্থাপন নিয়ে আমরা আলোচনা করছি না।

ইসরাইলের মারিভ পত্রিকার ফাঁস হওয়া আংশিক ট্রান্সক্রিপ্ট অনুযায়ী, কনেসেট সদস্য লিমোর সোন হার-মেলেক বলেন, ‘আমেরিকার ইহুদিদের নিয়ে আসুন গাজায় বসতি স্থাপন করতে। এতে এক টিলে দুই পাখি মারা যাবে।

নেতানিয়াহ্ আরও দাবি করেন, যুক্তরাষ্ট্র ‘গাজা উপত্যকার প্রশাসন দখলের পরিকল্পনায় আগ্রহী রয়েছে।

তবে টাইমস অব ইসরাইল জানিয়েছে, পরিকল্পনাটি ফেব্রুয়ারিতে ঘোষণা দেওয়ার পর আরব মিত্রদের প্রবল বিরোধিতার মুখে ট্রাম্প প্রশাসন এ নিয়ে খুব সামান্য উদ্যোগই নিয়েছে।

ইসরাইলি সেনাবাহিনী চলমান সামরিক অভিযানে গাজা উপত্যকার অধিকাংশ অঞ্চল ধ্বংস করে দিয়েছে। এতে ১৯ লাখ ফিলিস্তিনিকে একাধিকবার গৃহচ্যুত হতে হয়েছে এবং মারাত্মক মানবিক সংকট সৃষ্টি হয়েছে।

মার্চের শুরু থেকেই ইসরাইল গাজা উপত্যকার ওপর পূর্ণ অবরোধ জারি রেখেছে। খাদ্য, পানি, জ্বালানি, ওষুধ এবং সব ধরনের মানবিক সহায়তা প্রবেশে নিষেধাজ্ঞা থাকায় অবরুদ্ধ জনগণের দুর্ভোগ চরমে পৌঁছেছে।

ইসরাইল | বেনিয়ামিন নেতানিয়াহ্ | যুক্তরাষ্ট্র

Generated on 28 June, 2025 07:11

URL: <https://www.timestodaybd.com/international/2503775807>